

## শতবার্ষিকী জুবিলী উপলক্ষ্যে অঙ্গীকারনামা

أشهد أن لا إله إلا الله وحده لا شريك له، وأشهد أن محمداً عبده ورسوله

আহ্মদীয়া খিলাফতের শত বছর পূর্তি উপলক্ষ্যে আজ আমরা আল্লাহর নামে শপথ করে এই অঙ্গীকার করছি যে, আমরা ইসলাম ও আহ্মদীয়াতের প্রসার আর হযরত মুহাম্মদ রসূলুল্লাহ (সাঃ)-এর নাম পৃথিবীর প্রান্তে প্রান্তে পৌঁছানোর জন্য আমরা জীবনের শেষ মুহূর্ত পর্যন্ত আপ্রাণ প্রচেষ্টা চালিয়ে যাবো। পবিত্র এই দায়িত্ব সম্পাদনের লক্ষ্যে আমরা আল্লাহ ও তাঁর রসূল (সাঃ)-এর জন্য আমাদের জীবন সর্বদা উৎসর্গ করে রাখবো এবং বৃহৎ থেকে বৃহত্তর সব ত্যাগ স্বীকার করে কিয়ামত পর্যন্ত ইসলামের পতাকাকে বিশ্বের প্রতিটি দেশে সমুন্নত রাখবো। আমরা আরও অঙ্গীকার করছি যে, খিলাফত ব্যবস্থার সুরক্ষা এবং এর দৃঢ়তার লক্ষ্যে জীবনের শেষ মুহূর্ত পর্যন্ত আমরা অবিরাম চেষ্টা চালিয়ে যাবো, অধিকন্তু বংশ পরম্পরায় নিজ সন্তান-সন্ততিদেরকে খিলাফতের সাথে সংবদ্ধ থাকা ও এর কল্যাণরাজি অর্জনে সচেষ্টিত থাকার বিষয়ে নসীহত করে যাবো যেন কিয়ামত কাল পর্যন্ত আহ্মদীয়া খিলাফত সুরক্ষিত থাকে এবং আহ্মদীয়া জামাতের মাধ্যমে ইসলাম ধর্মের প্রচার ও প্রসার কিয়ামতকাল পর্যন্ত অব্যাহত থাকে। আর মুহাম্মদ রসূলুল্লাহ (সাঃ)-এর পতাকা যেন অন্য সব পতাকার উর্ধ্ব উড্ডীন থাকে। হে খোদা! এই অঙ্গীকার পূর্ণ করার সামর্থ্য তুমি আমাদের দাও। আল্লাহুম্মা আমীন। আল্লাহুম্মা আমীন। আল্লাহুম্মা আমীন !